



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮– ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

- সেকশন ১ : ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি
- সেকশন ২ : ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
- সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
- সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)
- সংযোজনী ২ : কর্মসম্পাদনসূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি
- সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the performance of the WZPDCL)

পরিচিতিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যুৎ সেক্টরের সংস্কার কর্মসূচীর অংশ হিসেবে কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ৪ নভেম্বর ২০০২ এ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ গঠিত হয়। কোম্পানি গঠনের পরে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে ২৩/০৩/২০০৫ তারিখে ওজোপাডিকোর “Provisional Vendor’s Agreement (VA) এবং Provisional Power sales Agreement (PSA)” চুক্তি স্বাক্ষরিত হয়। এই দুইটি চুক্তির মাধ্যমে বিউবোর বিতরণ পশ্চিমাঞ্চলের সকল সম্পত্তি ও দায় ওজোপাডিকোর নিকট হস্তান্তরিত হয় এবং ০১/০৪/২০০৫ তারিখ থেকে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে সরকার কর্তৃক নির্ধারিত হারে বিউবোর নিকট হতে বিদ্যুৎ ক্রয় এবং সম্মানিত গ্রাহকদের কাছে বিক্রয় শুরু করে।

ভৌগলিক এলাকাঃ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা ব্যতিত খুলনা ও বরিশাল বিভাগ এবং বৃহত্তর ফরিদপুর জেলাধীন সর্বমোট ২১ (একুশ)টি জেলা শহর এবং ২০(কুড়ি) টি উপজেলা সদরে বিদ্যুৎ বিতরণ ও বিক্রয় কাজ পরিচালনা করছে। ২০১৭-১৮ সালে ওজোপাডিকোর গ্রাহক সংখ্যা ছিল ১০,৭০,৭২১ লক্ষ এবং ওজোপাডিকোর সর্বোচ্চ চাহিদা ছিল ৬৩০ মে:ও:।

প্রতিষ্ঠানের উদ্দেশ্যঃ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড সরাসরি পিডিবি নিকট থেকে বিদ্যুৎ ক্রয় করে আওতাধীন এলাকায় সম্মানিত গ্রাহকগণকে বিদ্যুৎ বিতরণ করে থাকে। ওজোপাডিকোর প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- উন্নত গ্রাহক সেবার মাধ্যমে নিরবিচ্ছিন্ন এবং মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ;
- সিস্টেম লস হ্রাস করা;
- সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকান্ডে দক্ষতা বৃদ্ধি করা;
- সকল স্তরে জবাবদিহিতা নিশ্চিত করা;
- রাজস্ব আদায় বৃদ্ধি;
- এনার্জি সেভিং যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় বিষয়ে গ্রাহকদের উদ্বুদ্ধকরণ;
- দপ্তর প্রধান কর্তৃক প্রতি মাসে গ্রাহক শুনানীর ব্যবস্থাকরণ;
- সোলার প্যানেল স্থাপন ও ব্যবহারের পরামর্শ প্রদান;
- নিয়মিত মাসিক পরিদর্শন অব্যাহত রাখা।

উল্লেখযোগ্য দায়িত্ব এবং কার্যাবলী

ক) উল্লেখযোগ্য দায়িত্ব

- (১) কোম্পানি আইন ১৯৯৪ নীতিমালা প্রতিপালন নিশ্চিতকরা;
- (২) কোম্পানির নিরীক্ষিত হিসাব পর্যালোচনা ও গ্রহণ, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং অডিটরস নিয়োগ প্রদান;
- (৩) কোম্পানির সার্বিক পরিচালনার জন্য প্রয়োজনীয় নীতিমালা এবং পরিকল্পনা গ্রহণ;
- (৪) বার্ষিক রাজস্ব বাজেট অনুমোদন;
- (৫) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রদান;
- (৬) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সার্বিক কর্মকান্ড পর্যালোচনা ও মূল্যায়ন করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- (৭) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান নিশ্চিতকরণ;
- (৮) কোম্পানির সম্মানিত শেয়ার হোল্ডারদের স্বার্থ সংরক্ষণ নিশ্চিতকরণ;
- (৯) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত বিভিন্ন সেবা, কোম্পানির কাজ বা ক্রয়ের প্রস্তাবনা অনুমোদনসহ বিবিধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

খ) কার্যাবলীঃ

ওজোপাডিকো তার সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ প্রদানের সাথে সাথে রুটিন ভিত্তিক নিম্নবর্ণিত কাজ সম্পাদন নিশ্চিত করে।

পরিচালন কর্মকান্ডঃ

- বিতরন লাইন ও উপকেন্দ্র সমূহ পূর্নবাসন, মেরামত ও সংরক্ষণ;
- মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে উপকেন্দ্র স্থাপন ও ক্ষমতা বৃদ্ধি;
- নিয়মিত ট্রান্সফরমার লোড ব্যালান্সিং;
- রুটিন ভিত্তিক সিস্টেম মিটার চেকিং এবং টেস্টিং;
- অগ্রাধিকার ভিত্তিতে গ্রাহক অভিযোগ নিষ্পত্তিকরণ;
- রুটিন মাসিক সংরক্ষণ কার্যাদি সম্পন্ন করা;
- সিস্টেম ভোল্টেজ উন্নতকরণের জন্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপন।

ওজোপাকো'র উন্নয়ন পরিকল্পনাঃ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন ২১ টি জেলা ও ২০টি উপজেলার আওতাধীন বিদ্যুৎ সরবরাহ এলাকায় সিস্টেম লস কমিয়ে আনা, পরিচালন ব্যয় কমিয়ে আনা এবং ভবিষ্যত ক্রমবর্ধমান চাহিদা বিবেচনা করে প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর খুলনা সিটি ফেজ-১, বিদ্যুৎ বিতরন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ওজোপাকো'র এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প, ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরবর্ধন প্রকল্প এবং ওজোপাকো এলাকায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পগুলি বাস্তবায়িত হলে নিম্নরূপ ফলাফল পাওয়া যাবেঃ

- প্রকল্পটি বাস্তবায়িত হলে সিস্টেম লস কমিয়ে ৯.৩৫% এ আনা যাবে;
- ওভারলোড ট্রান্সফরমারের লোড শেয়ার কল্লে নতুন ট্রান্সফরমার স্থাপন;
- ট্রান্সফরমার লোড সেন্টারে স্থাপন করা যাবে;
- ওভারলোড ফিডারকে বিভক্ত করে লোড কমানো;
- জরাজীর্ণ বিতরন লাইন পুনর্বাসন করা;
- দীর্ঘ লাইনের দূরত্ব কমিয়ে Standard লাইনে রূপান্তর করণ;
- Undersize Conductor পরিবর্তণ;
- দরিদ্র বিমোচন, বেকারত্ব দূরীকরণ ও আর্থ সামাজিক উন্নয়ন।
- নতুন লাইন নির্মাণ করা যাবে।
- সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।
- স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের ফলে রাজস্ব আদায় সহজ হবে।

বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পসমূহ

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে উৎপাদিত বিদ্যুৎ সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ব্যাপক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ওজোপাকো কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পগুলোর উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হচ্ছে ওজোপাকো একটি বিদ্যুৎ বিরণকারী সংস্থা। অত্র সংস্থার আওতাধীন এলাকায় বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধিকল্পে নিম্নোক্ত ৪ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন আছে।

১. বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প
২. ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প
৩. ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরবর্ধন প্রকল্প
৪. ওজোপাকো এলাকায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটারিং প্রকল্প
৫. প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর খুলনা সিটি ফেজ-১

উক্ত প্রকল্প সমূহ বাস্তবায়ন শেষে ৩৪ টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্রে স্থাপন এবং ৪৩ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি করা হবে ফলে সিস্টেমের ক্যাপাসিটি ১০৫০ এমভিএ বৃদ্ধি পাবে। এছাড়া ৪০০১ কিঃমিঃ নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ, ৩৬৭৩ কিঃমিঃ বিদ্যুৎ বিতরণ লাইন পূর্নবাসন, ৬৩৫২ টি নতুন বিতরণ ট্রান্সফরমার স্থাপন এবং ৫.০ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হবে।

ওজোপাডিকোর আওতায় পরিবেশ ও তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার :

বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অংগীকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশকে একটি স্বনির্ভর মধ্যম-আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে সরকার রূপকল্প-২০২১ ঘোষণা করেছে। রূপকল্প-২০২১ বাস্তবায়নের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার লক্ষ্য হচ্ছে সকল খাতের অংশগ্রহণে দেশে একটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমৃদ্ধ সমাজ গড়ে তোলা। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার আলোকে বেসরকারি খাতকে আকৃষ্ট করার লক্ষ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ওজোপাডিকোর সকল বিদ্যুৎ সরবরাহে তথ্য ও সেবা কেন্দ্র চালু করা হয়েছে। এসব তথ্যকেন্দ্র থেকে জনসাধারণ সরকারি-বেসরকারি এবং বাণিজ্যিক তথ্য ও সেবা পাচ্ছে।

1. বিদ্যুৎ বিল প্রস্তুতঃ ৪৮ টি বিদ্যুৎ সরবরাহতে বিলিং সফটওয়্যারের আওতায় বিলিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
2. SMS এর মাধ্যমে বিদ্যুৎ বিল আদায়ঃ বাংলালিংক লিঃ, গ্রামীণফোন, রবি, এস আর এল ও Sure Cash এর সহায়তায় এসএমএস এর মাধ্যমে ওজোপাডিকোর ৪৮টি বিদ্যুৎ সরবরাহের বিদ্যুৎ বিল গ্রহণ করা হচ্ছে।
3. ১০৫ টি সেবা কেন্দ্রের মাধ্যমে গ্রাহকদের বিভিন্ন ধরনের অভিযোগ গ্রহণ এবং অভিযোগ নিষ্পত্তি করা হয়।
4. Online এ বিদ্যুৎ সংযোগের আবেদন পদ্ধতিঃ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে web based online new connection software ৪৮ টি বিদ্যুৎ সরবরাহে চালু করা হয়েছে এবং Online এ আবেদন কার্যক্রম চলছে।
5. Management Information System (MIS): সকল বিদ্যুৎ সরবরাহ হতে তথ্য ই-মেইল যোগে প্রাপ্তির পর সফটওয়্যারে আপলোড করে দ্রুত সময়ে MIS তৈরি করা হয়।
6. ওজোপাডিকোর Internet Connectivity: ওজোপাডিকোর সকল বিদ্যুৎ সরবরাহে (৪৮টি) Dedicated Internet Connectivity স্থাপন করা হয়েছে।
7. Video Conferencing System: ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানীতে Video Conferencing System স্থাপন করা হয়েছে।
8. ওজোপাডিকোতে Biometric finger print scanning machine এর মাধ্যমে Attendance System চালু করা হয়েছে।
9. Web Based Personal Management Information System (PMIS) চালু করা হয়েছে।
10. Web Based Store Inventory Management Software চালু করা হয়েছে।
11. Online অভিযোগ ব্যবস্থাপনা Apps/KIOSK চালু করা হয়েছে।
12. ওজোপাডিকোর আওতাধীন সকল Substation সহ গুরুত্বপূর্ণ KPI স্থাপনায় সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে CCTV Camera স্থাপন করা হয়েছে।
13. ওজোপাডিকোর আওতাধীন এলাকায় Prepaid Meter স্থাপন করার কাজ চলমান আছে।

মানব সম্পদ উন্নয়নঃ

বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং সঞ্চালন ও বিদ্যুৎ বিতরণ খাতের সম্প্রসারণের পাশাপাশি বিদ্যুৎ খাতে কর্মরত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে রূপান্তরের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ ও বিদ্যুৎ খাতের সকল সংস্থা লক্ষমাত্রা ভিত্তিক প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

ওজোপাডিকো'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলী (Functions);

বিদ্যুৎ খাত : অগ্রগতি ও উন্নয়ন প্রসংগে

১.০ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুৎ অপরিহার্য। সরকার ২০২১ সালের মধ্যে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা এবং পরবর্তীতে শিল্পোন্নত দেশ হিসেবে গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ। ওজোপাডিকো ভিশন ও মিশন এবং কৌশলগত পরিকল্পনার মাধ্যমে সরকারের নির্দেশনা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে চলেছে।

১.১ রূপকল্প (Vision)

ওজোপাডিকো এলাকায় বিদ্যুৎ গ্রাহকদের গুণগত মানসম্পন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে কাঙ্ক্ষিত আর্থিক, সামাজিক উন্নয়ন ও জনকল্যাণ সাধন করে ওজোপাডিকোলিঃ বাংলাদেশের একটি আদর্শ ও সর্বশ্রেষ্ঠ বিদ্যুৎ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হওয়া।

১.২ অভিলক্ষ্য (Mission)

পেশাগত সেবার উৎকর্ষতার মাধ্যমে যথাযোগ্য ও শাস্ত্রীয় মূল্যে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করা। ২০২১ সালের মধ্যে ওজোপাডিকোলিঃ এলাকার ২১ টি জেলা ও ২০ টি উপজেলা শহরের সকল জনগণকে বিদ্যুৎ সেবার আওতায় আনা। বিশেষ দক্ষ সেবা প্রদানের জন্য বিদ্যুৎ সরবরাহ ইউনিটগুলোর মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করা। পরিচালন ও সংরক্ষণ কাজে আর্ন্তজাতিক মান অনুসরণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহকদের উন্নত, গুণগত মানসম্পন্ন ও সন্তোষজনক সেবা প্রদান নিশ্চিতকরণ। প্রয়োজন মার্ফিক পেশাগত প্রশিক্ষণের মাধ্যমে জনবলের উন্নতি সাধন করা। সফল বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সামঞ্জস্যপূর্ণ আয় বৃদ্ধি, ব্যয় এবং সিস্টেম লস হ্রাস নিশ্চিত করণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ১) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করা।
- ২) জনগনের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।
- ৩) নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবার মানোন্নয়ন।
- ৪) প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা।

১.৪ কার্যাবলি (Functions):

- ১) বিতরণ লাইন নির্মাণ;
- ২) উপকেন্দ্রের উন্নয়ন;
- ৩) সিস্টেম লস হ্রাসকরণ
- ৪) নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণ;
- ৫) মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
- ৬) নতুন বিদ্যুৎ সংযোগ ;
- ৭) প্রিপেইড মিটার স্থাপন ;
- ৮) ওভার লোডেড ট্রান্সফরমার এর পরিমান কমানো;
- ৯) গ্রাহকসেবা নিশ্চিতকরণ;
- ১০) প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন ও
- ১১) কারিগরী সক্ষমতার উন্নয়ন।

সেকশন-২

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যেভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/পরিদপ্তর/বিভাগ/সেল/ সমিতিসমূহের নাম	উপাত্ত (Sources of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮ (এপ্রিল ১৮ পর্যন্ত)		২০১৯-২০	২০২০-২১		
১) নতুন গ্রাহক সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ	২) নতুন আবাসিক সংযোগ	৩) সংখ্যা	৪	৫	৬	৭	৮	৯	১০
২) লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ	বিতরণ লাইন নির্মাণ	কিঃমিঃ	৬৫৬৬২	৫৫৯৯৪	৫৫০০০	৫৭০০০	৬০০০০	তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পে ও স সার্কেল)/নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ)/ ইএসইউ	উপ-মহাব্যবস্থাপকের দপ্তর, বাণিজ্যিক পরিচালন/প্রধান প্রকৌশলী/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পে ও স সার্কেল)/ প্রকল্প পরিচালক, বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প/ প্রশিক্ষণ ইনস্টিটিউট/ বিদ্যুৎ পরিকল্পনা ও উন্নয়ন, প্রাদত্ত প্রতিবেদন
৩) উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধনের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ	উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ	এমভিএ	৭৫	৪৩.১৬	৮০	১২৯.১৪	২০৫	প্রকল্প পরিচালক, বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প	
৪) বিতরণ ব্যবস্থার উন্নয়ন	সিস্টেম লস	%	৯.৫৭	৮.৯১	৯.৩৫	৯.৩০	৯.২৫	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পে ও স সার্কেল)/নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ)/ ইএসইউ	
৫) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ	SAIDI SAIFI	মিনিট সংখ্যা	৪৭৭	৩০০.৬৭	৪০০	৪০০	৪০০	বিক্রয় ও বিতরণ বিভাগ/ ইএসইউ	
৬) মানব সম্পদ উন্নয়ন	গড় প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ঘন্টা	৩৩	১৬.৩২	২০	২০	২০	প্রশিক্ষণ ইনস্টিটিউট	
			৭৪.২৬	৭২.৭৩	৭০	৭০	৭০		

5. WZPDCL : APA Target for the Year 2018-19

Strategic Objectives	Functions	Performance Indicator	Unit	Weight	2016-17		2017-18		2018-19					2019-20	2020-21	
					Target	Achievement	Target	Achievement	100%	90%	80%	70%	60%	100%	100%	
1. Development of distribution system	1.1 Construction of distribution Lines	1.1.1 Construction of Lines	km	7	65	107.5	130	159	285	280	275	270	265	300	300	
	1.2 Development of Substation	1.2.1 Construction/Capacity enhancement of Distribution	MVA	5	70	75	80	80	80	75	70	65	60	129.14	205	
	1.3 Reduction of System Loss	1.3.1 Distribution System Loss	%	7	9.90	9.57	9.40	8.85	9.35	9.45	9.50	9.60	9.70	9.3	9.25	
	1.4 Introduction of Netmetering.	1.4.1.1 Netmeter installed.	Number	2					20	18	16	14	12	40	80	
2. Ensure uninterrupted and quality electricity supply	2.1 Ensure uninterrupted electricity supply	2.1.1 System Average Interruption Duration Index	Minutes	1	500	477	400	182	400	410	420	430	450	400	400	
	2.2 Ensure quality electricity supply	2.2.1 System Average Interruption Frequency Index (SAIFI)	Times	1	35	33	20	10	20	25	30	35	40		20	
	2.2.1 Power Factor at each Billing Point	2.2.1.1 Power Factor at each Billing Point	%	3	90.0	91.9	90.0	92.2	90.0	N.A	N.A	N.A	N.A	N.A	90	
3. Access to electricity & improve customer satisfaction	3.1 New Connection	3.1.1 New Connection to Household	No.	3	50,000	65662	50,000	32,966	55,000	50,000	45,000	40,000	35,000	57,000	60,000	
	3.2 Installation of Domestic Meter	3.2.1 Installation of Prepaid Meter	No.	4	10,000	31,062	35,000	30,056	50,000	45,000	40,000	35,000	30,000	80,000	1,00,000	
	3.3 Reducing Overloaded Transformer	3.3.1 Percentage of Overloaded Transformer	%	3	0.8	0.16	0.5	0.10	0.10	0.15	0.20	0.25	0.30			
4. Improvement of institutional efficiency & capacity	3.4 Customer satisfaction	3.4.1 Bill distribution by out sourcing	No. of S&I	3	N.I	N.I	5	0	5	4	3	2	1	5	5	
		3.4.2 Public Hearing	Number	2	N.I		N.I		150	145	140	135	130	150	150	
		4.1.1 Accounts Receivable	Eqv. Month	7	2.0	2.45	1.9	2.19	1.9	2.0	2.1	2.2	2.3	1.9	1.9	
		4.1.2 Accounts Payable	Month	3	1.25	1.0	1.2	1	1.2	1.25	1.30	1.40	1.50	1.2	1.2	
		4.1.3 Collection Bill ratio	%	4	98.0	99.30	98.50	102.16	99.00	98.80	98.60	98.40	98.20	99	99	
		4.1.4 Current Ratio	Ratio	2	1.2:1	1.25:1	1.5:1	1.35:1	1.65:1	1.50:1	1.45:1	1.4:1	1.35:1	1.65:1	1.65:1	
		4.1.5 Quick Ratio	Ratio	2	1.1:1	1.03:1	1.2:1	1.10:1	1.30:1	1.20:1	1.10:1	1.1	0.90:1	1.30:1	1.30:1	
		4.1.6 Debt Service Coverage Ratio	Ratio	2	1.2:1	1.25:1	1.25:1	1.28:1	1.40:1	1.25:1	1.25:1	1.20:1	1.15:1	1.10:1	1.40:1	1.40:1
		4.1.7 DSL Payment to the Government	Taka	3	Current+10 % of Arrear	Paid 1.12 crore out of 16.05 crore Tk	Current+10% of Arrear		Current+10% of Arrear		Current+8 % of Arrear	Current+6 % of Arrear	Current+4 % of Arrear	Current+2% of Arrear	Current+10% of Arrear	Current+10% of Arrear
		4.2.2 Implementation of ADP (Financial)	%	2	100	100	100	30.29	100	90	80	70	60	60	100	100
4.2 Improvement of technical capacity	4.2.3 E-GP tendering (all local below 100 crore) which is applicable	%	3	N.I	N.I	100	89.01	100	90	80	70	60	60	100	100	
	4.2.4 Approval of GIS project	%	3					100						15	30	
	4.2.5 Overall GIS Mapping	%	3					15	14	13	12	11		50	50	
				75												

Handwritten signature

Handwritten signature and date: 02.05.2021

Handwritten number: 6

দপ্তর/সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
(মোট নম্বর- ২৫)

পরিশিষ্ট-৮

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯					
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতিমানের নিম্নে (Poor) ৬০%	
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ	৩	মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত	তারিখ	০.৫	২০ জুন, ২০১৮	২১ জুন, ২০১৮	২৪ জুন, ২০১৮	-	-	-
		২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল	মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	০.৫	১৭ জানুয়ারি, ২০১৯	২০ জানুয়ারি, ২০১৯	২১ জানুয়ারি, ২০১৯	২২ জানুয়ারি, ২০১৯	২৩ জানুয়ারি, ২০১৯	২৩
		মাঠ পর্যায়ের কার্যালয়ে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাতে ফলাফল (feedback) মন্ত্রণালয়/বিভাগে প্রদান	ফলাফল (feedback) প্রদত্ত	তারিখ	১	২৪ জানুয়ারি, ২০১৯	৩১ জানুয়ারি, ২০১৯	০৪ ফেব্রুয়ারি, ২০১৯	০৮ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১১
		সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	আয়োজিত প্রশিক্ষণের সময়	জনসংখ্যা *	১	৬০	-	-	-	-	-
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	১০	দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা	ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত	%	১	৮০	৭০	৬০	৫৫	৫০	
			ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত **	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০	
			ই-ফাইলে পত্র জারিকৃত ***	%	১	৪০	৩৫	৩০	২৫	২০	
			নুনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত	তারিখ	১	১০ জানুয়ারি, ২০১৯	২৪ জানুয়ারি, ২০১৯	২৮ জানুয়ারি, ২০১৯	৩১ মার্চ, ২০১৯	৩০ এপ্রিল, ২০১৯	৩০
দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	১	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত	উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৪ মার্চ, ২০১৯	


কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতিমানের নিম্নে (Poor) ৬০%
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৯	সিটিজেনস চার্চার বাস্তবায়ন	ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	তারিখ	১	০৮ এপ্রিল, ২০১৯	২২ এপ্রিল, ২০১৯	০২ মে, ২০১৯	১৬ মে, ২০১৯	৩০ মে, ২০১৯
			হালনাগাদকৃত সিটিজেনস চার্চার অনুযায়ী প্রদত্ত সেবা	%	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			সেবাহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	০.৫	৩১ ডিসেম্বর, ২০১৮	১৫ জানুয়ারি, ২০১৯	০৭ ফেব্রুয়ারি, ২০১৯	১৭ ফেব্রুয়ারি, ২০১৯	২৮ ফেব্রুয়ারি, ২০১৯
			নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	%	০.৫	৭৫	৭০	৬৫	৬০	৫০
			পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা	%	১	১০০	৯০	৮০	-	-
			অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	%	১	১০০	৯০	৮০	-	-
			স্বাধীন ও অস্থায়ী সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	তারিখ	১	০৩ ফেব্রুয়ারি, ২০১৯	১১ ফেব্রুয়ারি, ২০১৯	১৮ ফেব্রুয়ারি, ২০১৯	২৫ ফেব্রুয়ারি, ২০১৯	০৪ মার্চ, ২০১৯
			বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	%	২	১০০	৯৫	৯০	৮৫	৮০
			অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান দীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ	তারিখ	১	৮০	৭৫	৭০	৬০	৫০
			বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা	%	১	১০০	৯৫	৯০	৮৫	৮০
শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	সংখ্যা	১	৮০	৭০	৬০	৫০	৪০			
জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন ****	৩	১	৮	৩	-	-	-	-		


কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		অসাধারণ (Excellent) ১০০%	অতি উত্তম (Very Good) ৯০%	উত্তম (Good) ৮০%	চলতি মান (Fair) ৭০%	চলতিমানের নিম্নে (Poor) ৬০%
জোরদারকরণ		জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিব্রীক্ষণ কার্যক্রমের অগ্রভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত	%	১০০	৯৫	৯২	৮৭	৮০		
			%	১০০	৯০	৮৫	৮০	-		
			%	১০০	৯০	৮৫	৮০	-		
			তারিখ	১৮ অক্টোবর, ২০১৮	৩১ অক্টোবর, ২০১৮	১৫ নভেম্বর, ২০১৮	২৯ নভেম্বর, ২০১৮	০৬ ডিসেম্বর, ২০১৮		
		তথ্য বাতায়ন হালনাগাদকরণ	%	১০০	৯০	৮৫	৮০	-		
		দপ্তর/সংস্থর ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	৩১ অক্টোবর, ২০১৮	১৫ নভেম্বর, ২০১৮	২৯ নভেম্বর, ২০১৮	০৬ ডিসেম্বর, ২০১৮	


আমি, ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি সচিব, বিদ্যুৎ বিভাগ-এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।


আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত


.....
ব্যবস্থাপনা পরিচালক,
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ


.....
তারিখ


.....
সচিব, বিদ্যুৎ বিভাগ


.....
তারিখ

শব্দসংক্ষেপ
(Acronyms)

সংযোজনী-১

ওজোপাডিকো	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
বিউবো	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
বিআরইবি	বাংলাদেশ রুরাল ইলেক্ট্রিফিকেশন বোর্ড
ডিপিডিসি	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
নেসকো	নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
এপিএসসিএল	আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড
ইজিসিবি	ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
আরপিসিএল	রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড
নওপাজেকো	নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
পিজিসিবি	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
FGMO	Free Governor Mode of Operation
e-GP	Electronic Government Procurement

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

ক্রমিক নম্বর	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১	বিতরণ লাইন সংযোজন	জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ	ওজোপাডিকো		
২	উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি	জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌঁছানোর লক্ষ্যে উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ	ওজোপাডিকো		
৩	সিস্টেম লস	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ	ওজোপাডিকো		
৪	বকেয়া হ্রাস	বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ	ওজোপাডিকো		
৫	SAIDI & SAIFI	নিরবচ্ছিন্ন ও মান সম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা	ওজোপাডিকো		
৬	গড় প্রশিক্ষণ প্রদান	বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান	ওজোপাডিকো		
৭	প্রিপেইড মিটার স্থাপন	গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি	ওজোপাডিকো		
৮	নতুন বিদ্যুৎ সংযোগ	বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান	ওজোপাডিকো		
৯	GIS Mapping of 11 kV Line	প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি	ওজোপাডিকো		

সংযোজনী-৩ :কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের উপর নির্ভরশীলতা

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব

বিঃদ্রঃ ওজোপাডিকো'র জন্য সংযোজনী-৩ প্রযোজ্য নয়।